



মোঃ নাজমুল হক

কর্মকর্তার জীবন বৃত্তান্ত

জনাব মোঃ নাজমুল হক ১৯৮৯ খ্রিস্টাব্দে রংপুর জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের “ডেভেলপমেন্ট স্টাডিজ” বিভাগ থেকে বি.এস.এস. সম্মানসহ এম.এস.এস. ডিগ্রি লাভ করেন। এছাড়া তিনি আইন বিষয়ে প্রাতিষ্ঠানিক শিক্ষা লাভ না করেও উপর্যুক্ত বিষয়ে প্রচুর জ্ঞান অর্জন করেন।

তিনি বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশক্রমে ৩৫তম বিসিএস থেকে গত ০১/০৮/২০১৭ খ্রিস্টাব্দ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একজন কর্মকর্তা হিসাবে “সাব-রেজিস্ট্রার” পদে যোগদান করেন। এছাড়া তিনি বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশক্রমে বাণিজ্য মন্ত্রণালয়, প্রশাসন-৫, বাংলাদেশ সচিবালয়, ঢাকা কর্তৃক গত ১৫/১১/২০১৫ খ্রিস্টাব্দ তারিখে ইস্যুকৃত এক প্রজ্ঞাপনের মাধ্যমে বাণিজ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের “সহকারী পরিচালক (১ম শ্রেণি)” পদে নিয়োগ লাভের যোগ্যতা অর্জন করেন।

জনাব মোঃ নাজমুল হক কর্মজীবনের শুরুতে দেশের একটি স্নামাধ্যম বে-সরকারি ব্যাংকের প্রবেশনায়ী অফিসার পদে যোগদান করেন এবং স্বল্প সময়ের মধ্যে ব্যাংকের তিনটি বিভাগেই (সাধারণ, বিনিয়োগ ও বৈদেশিক বিনিময়) অসাধারণ পেশাগত দক্ষতা অর্জন করেন। এইসময় তিনি ব্যাংকিং বিষয়ে বিভিন্ন নিবন্ধ লেখেন যা দেশের বাণিজ্য ও অর্থ সম্পর্কিত প্রধান দৈনিক সংবাদপত্র “The Financial Express” এ প্রকাশিত হয়। তাঁর প্রকাশিত নিবন্ধগুলোর উল্লেখযোগ্য শিরোনাম হলঃ “BD-RTGS System: A landmark in inter-bank transaction”, “Promoting Green Banking” প্রভৃতি।